

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৩.১৯/৪৯০২/০৬


তারিখ : ২৪/০৫/২০১৯ খ্রি:

বিষয় : সরকারি এম এম কলেজ, যশোর-এর কলেজ ক্যাম্পাসে সোনালী ব্যাংক ভবন নির্মাণসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বিভিন্ন তহবিলের অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তরের অনুমতি প্রদান সংক্রান্ত

সূত্র : কলেজ স্মারক নং- ২০১৯/৬৪, তারিখ: ১৭/০১/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর কলেজ ক্যাম্পাসে সোনালী ব্যাংক ভবন নির্মাণসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য সাহিত্য ও সংস্কৃতি তহবিল হতে ২০,০০,০০০/- টাকা, অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম তহবিল হতে ২৯,০০,০০০/- টাকা এবং ম্যাগাজিন তহবিল হতে ৫০,০০,০০০/- টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তরের অনুমতি প্রদানের লক্ষ্যে আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করা হয়েছে। উল্লিখিত বিষয়ে প্রেরিত কাগজপত্রাদি যাচাইয়াত্তে নিম্নোক্ত তথ্যাদির ঘাটতি/প্রয়োজনীয়তা থাকায় প্রস্তাবিত বিষয়টি বিবেচনার সুযোগ নেই মর্মে এতদ্বারা নির্দেশক্রমে অবহিত করা হলো।

ক্রমিক	কলেজের নাম	ঘাটতি/প্রয়োজনীয় তথ্যাদির বিবরণ
০১.	সরকারি এম এম কলেজ, যশোর	<p>১. একাডেমিক কাউন্সিলের রেজুলেশনে শুধুমাত্র কলেজ ক্যাম্পাসে সোনালী ব্যাংক ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে কিন্তু আবেদনপত্রে উল্লিখিত বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুমোদন নেই।</p> <p>২. একাডেমিক কাউন্সিলের রেজুলেশনে শুধুমাত্র ম্যাগাজিন তহবিল ও অভ্যন্তরীণ ক্রীড়া তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়েছে কিন্তু আবেদনপত্রে উল্লিখিত সাহিত্য ও সংস্কৃতি তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুমোদন নেই।</p> <p>৩. প্রস্তাবিত কার্যাদির ডিজাইন/স্কেচ ম্যাপসহ স্থানীয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ব্যয় প্রাক্কলন বিবরণী নেই।</p> <p>৪. প্রস্তাবিত ০৩টি তহবিল হতে এত বিপুল পরিমাণ অর্থ (সর্বমোট ৯৯,০০,০০০/- টাকা) উন্নয়ন তহবিলে স্থানান্তরের যৌক্তিকতা উল্লেখপূর্বক উপর্যুক্ত ব্যাখ্যা আবশ্যিক</p>

  
(এ,কে,এম, মাসুদ - ১৩৪৭০)  
সহকারী পরিচালক (কলেজ-১)  
ফোন নং : ৪১০৫০১১৭

অধ্যক্ষ  
সরকারি এম এম কলেজ, যশোর

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো : -

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। সংরক্ষণ নথি।